



নং-৪৬.০০.৮৫০০.০৪২.৩২.০১৩.২০২০.২৩০৭

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮  
০৩ নভেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, রংপুর কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য রংপুর জেলাস্থ মিঠাপুকুর উপজেলা এলাকায় পরিবেশ বান্ধব সৌরচালিত সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের ১ম ও ২য় কিস্তি অর্থ ছাড়করণ সংক্রান্ত।

সূত্র: রংপুর জেলা পরিষদের স্মারক নং-জেপ২/২০২০/৪৯০(৩), তারিখ: ১২ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জেলা পরিষদ, রংপুর কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলার জন্য রংপুর জেলাস্থ মিঠাপুকুর উপজেলা এলাকায় পরিবেশ বান্ধব সৌরচালিত সড়কবাতি স্থাপন” শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) অর্থ ছাড়ের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)’র সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি;
- (খ) বাস্তবায়িত কাজের স্থির চিত্র সংযুক্ত করা হয়নি;
- (গ) জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী যে সকল প্রকল্পের মেয়াদ (জানুয়ারি-জুন, ২০২১) সময়ে শেষ হয়েছে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সে সকল প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন, ২০২২ সময় পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে (কপি সংযুক্ত)। কিন্তু রংপুর জেলা পরিষদ কর্তৃক প্রেরিত প্রস্তাবে প্রকল্পের মেয়াদ মে, ২০২১ পর্যন্ত উল্লেখ করা হয়েছে, যা সংশোধন করা প্রয়োজন; এবং
- (ঘ) প্রকল্পের অনুকূলে এসসিডি ব্যাংক হিসাব খোলার প্রমাণক/প্রত্যয়ন সংযুক্ত করা হয়নি।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।